

**শিক্ষকরা ব্যক্তিগত কাজে  
ব্যস্ত থাকায় শিক্ষার  
মান হ্রাস পাচ্ছে**

—উপাচার্য রুজিব

রংপুর, ২৫শে এপ্রিল (জেলা  
বার্তা পরিবেশকের ফোন)।—  
শিক্ষকরা শিক্ষকতার চাইতে ব্যক্তি-  
গত কাজে ব্যস্ত থাকায় শিক্ষার  
মান দিন দিন হ্রাস পাচ্ছে। যে  
(শেষ পৃ: ৩-এর ক: স:)

উপাচার্য রুজিব

(১ম পাতার পর)

দেশে শিক্ষার মান উন্নত নয়  
সেদেশে উন্নয়ন কর্মকাণ্ড কোন-  
দিনও সম্ভব নয়।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের  
উপাচার্য অধ্যাপক এম. এ. রুজিব  
আজ শনিবার সকালে রংপুর চিকি-  
ৎসা মহাবিদ্যালয় প্রাক্তন ছাত্র-  
ছাত্রী পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান  
অতিথির ভাষণে একথা বলেন।

তিনি আরো বলেন, প্রাথমিক  
কোমলমতি ছাত্ররা যখন  
শিক্ষালভের জন্য বিদ্যালয়ে ঢুকে  
তখন দেখা যায় শিক্ষকগণ বিদ্যা-  
লয়ে শিক্ষকতায় মন না দিয়ে  
ব্যক্তিগতভাবে ছাত্র পড়াতে  
নিজেদের ব্যস্ত রাখেন। ফলে  
ছাত্রছাত্রীরা সন্তোষে লেখাপড়া  
হচ্ছে। হারিয়ে ফেলে এবং নকল  
করার দিকে ঝুঁকে পড়ে। তিনি  
একটা সরকারের হস্তক্ষেপ কামনা  
করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন  
অধ্যাপক আসাদুল হক খান।  
অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন  
অধ্যক্ষ আজীজুর রহমান, ডাঃ  
ইউনুস আলী, ডাঃ আলমগীর  
ও ডাঃ আবদুল রউফ।

রংপুর চিকিৎসা মহাবিদ্যালয়ের  
প্রায় এক হাজার প্রাক্তন ছাত্র-ছাত্রী  
অংশ নিচ্ছেন।